## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই অগ্রহায়ণ বুধবার ১৩৬৫ ইংরাজী 26th Nov. 1958 { ২৮শ সংখ্যা

৫ই অগ্রহায়ণ ১৮৮০ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১০ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৫ সাল।

# স্বাধীনতার স্বাদ-হীনতা

—০—

আমরা ১৯৪৭ অব্দের ১৫ই আগষ্ট স্বাধীনতা লাভ করিয়াছি। আমাদের জঙ্গিপুর সেদিনও ঠিক পায় নাই আমরা ভারতে না পাকীস্তানে। কারণ সেদিন সমস্ত মুর্শিদাবাদ জেলায় চাঁদ-তারা মূর্ত্তি অঙ্কিত নিশান তোলা হয়। মুর্শিদাবাদ তখন ভাবিতেছে আমার স্থান কোথায়? খুলনা কংগ্রেসের তেরঙ্গা নিশান তুলিয়া কতকটা আশ্বস্ত হইয়াছিল—যখন তেরঙ্গা নিশান উঠিয়াছে তখন খুলনা ভারতে স্থান পাইয়াছে।

র‍্যাডক্লিফ সাহেবের রায় বাহির হইলে দেখা গেল খুলনা পাকীস্তানে আর সমস্ত মুর্শিদাবাদ ভারত ইউনিয়নের সামীল হইল। ক্রমে ক্রমে দেখা গেল যাঁহারা ঘটা করিয়া শোভাযাত্রা রাস্তায় বাহির করিয়া "লড়্‌কে লেঙ্গে পাকীস্তান! লড়্‌কে লেঙ্গে পাকীস্তান" বলিয়া চীৎকার করিয়া আকাশ বাতাস প্রতিধ্বনিত করিতেন, যাঁরা সুর করিয়া গান গাহিতেন—

দূর হট্টো! দূর হট্টো রে
কংগ্রেসবালা পাকীস্তান হামারা হায়।

আজ তাঁদের অনেকেই ভারত ইউনিয়নের অধিবাসী হইয়া কংগ্রেসী বনিয়া গিয়াছেন। কেহবা উপমন্ত্রী কেহবা পার্লিয়ামেণ্টের সদস্য পদে সসম্মানে উপবেশন করিয়া নামের সঙ্গে এম. পি. লাগাইয়া নামের দৈর্ঘ্য বিস্তার করিতে অধিকারী হইয়াছেন।

ভারতবর্ষ যুদ্ধ করে নাই। ইংরাজ মোসলেম লীগ নামক মুসলমান সম্প্রদায়কে পাকীস্তান ও কংগ্রেস নামক পাঁচ মিশালী দলকে ইণ্ডিয়া ডোমিনিয়ন বা ভারত সাম্রাজ্য অর্পণ করিয়া বদান্যতার পরাকাষ্ঠা দেখাইলেন।

পাকীস্তানে শাসনকর্ত্তা হইলেন স্বয়ং কায়েদে আজম জিন্না সাহেব। কিন্তু ভারত সাম্রাজ্যের যিনি শাসনকর্ত্তা ছিলেন লর্ড মাউণ্টব্যাটেন সাহেব—তিনিই গদীতে বাহাল থাকিলেন। শাসক থাকিলেন পরদেশী পর। তবুও আমরা স্বাধীন হইলাম। আমরা ছেলেবেলায় স্কুলে শুনিয়াছিলাম "ইণ্ডিপেণ্ডেণ্ট্ ক্যান্ নট্ কাম য্যাজ্ গিফ্ট্, ইট্ মাষ্ট্ বি রেষ্টেড্ ফ্রম্ সাম্ আন্‌উইলিং হ্যাণ্ড্।" এর বাংলা অর্থ "স্বাধীনতা দান হিসাবে আসিতে পারে না ইহা দিতে অনিচ্ছুক ব্যক্তির হাত মোচড়াইয়া লইতে হইবে।" পাকীস্তান ও ভারতকে কাহারো হাত মোচড়াইতে হয় নাই।

পাকীস্তানের শেষ রাষ্ট্রপতি মুর্শিদাবাদের ছেলে জেনারেল ইস্কান্দার মীর্জ্জা। ইনি সৈনিক বিভাগের মেজর জেনারেল মহম্মদ আয়ুব খাঁর হস্তে পাকীস্তান অর্পণ করিয়া লণ্ডনে গিয়া মান বাঁচাইয়াছেন। এখন পাকীস্তানে জঙ্গী শাসন চলিতেছে। প্রাক্তন প্রধান মন্ত্রীর অনেকেই স্ব স্ব নাপাক কর্ম্মের জন্য কর্ম্মফল ভোগ করিতেছেন। পাকীস্তানের সর্ব্বময় কর্ত্তা এখন সৈন্যাধ্যক্ষ মেজর জেনারেল আয়ুব খাঁ। তিনি তাঁহার সমস্ত জ্ঞানবুদ্ধি ও শৌর্য্য প্রয়োগ করিয়া রাজ্যের বহু অসাধুকে সায়েস্তা করিয়াছেন।

স্বাধীনতা লাভের পরেই যখন অজ্ঞাত হানাদারেরা কাশ্মীর আক্রমণ করে, তখন ভারতীয় সৈন্যগণ সেই হানাদারদের তাড়াইয়া এলাকার বাহির করিতে ২।১ দিনের কাজ ছিল, তখন ভারতের হর্ত্তাকর্ত্তা বিধাতা যুদ্ধ থামাইবার আদেশ দিয়া **রণের শেষ** রাখিয়া কাশ্মীর সমস্যা বরণ করিয়া নির্ব্বুদ্ধিতার চরম পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

ইংরাজের মীমাংসায় ভারত পাকীস্তানের কাছে ৩০০ কোটী (?) টাকা পাইবে আর পাকীস্তান ভারতের নিকট ৫৫ কোটী (?) টাকা পাইবে। এই সময়ে গান্ধীজী পাকীস্তানের কাছে প্রাপ্য ৩০০ কোটী টাকার মধ্যে ৫৫ কোটী ওজেবাদ দিয়া নিজেদের প্রাপ্য আদায় করিতে পারিতেন। কিন্তু জানা যায় নাই কেন গান্ধীজী জেদ ধরিলেন যে পাকীস্তানের প্রাপ্য ৫৫ কোটী টাকা তাঁহাদের নগদ দিতে হইবে। না দিলে তিনি অনশনে দেহত্যাগ করিবেন। সুতরাং পাকীস্তানের প্রাপ্য হিসাবমত কিছুই না পাইলেও গান্ধীজীর অনুরক্ত ভক্তবৃন্দ বাপুজীর জেদ রাখিতে বাধ্য হইলেন। অতি অল্পদিনের মধ্যেই গান্ধীজী আততায়ী হস্তে নিহত হইলেন। হানাদাররা সাদা নিশানের কৃপায় কাশ্মীরের যে অংশে টিকিয়া গিয়াছিল তাহাই আজ আজাদ কাশ্মীর বলিয়া পরিচিত। হানাদারদের স্থলে এখন পাকীস্তানীরা স্থলাভিষিক্ত। আর সমস্ত পাকীস্তান এখন মাঝে মাঝে রণ হুঙ্কার দিতে অভ্যস্ত।

পাকীস্তানের কত প্রধান মন্ত্রী এলেন, কত গেলেন, কেউ কেউ নিহতও হইলেন। কিন্তু হানাদারদের হানা দেওয়ার লাভ দেখিয়া পাকীস্তান সীমান্তে যেখানে সেখানে গুলী চালাইয়া নিরীহ ভারতীয়দের উত্যক্ত করিতে অভ্যস্ত হইয়া গিয়াছেন। আজ জঙ্গী রাষ্ট্রপতি, জঙ্গী প্রধান মন্ত্রী পাকীস্তানের বহু শয়তানকে জব্দ করিলেও পাকপুলিশ ও পাকসৈন্যের সহায়তায় পাকীস্তানী দুর্বৃত্তেরা সীমান্তবাসী ভারতীয়দের গরু, মহিষ ও ধনসম্পত্তি লুণ্ঠন করিতে ছাড়ে না।

সম্প্রতি জঙ্গিপুর মহকুমার সুতী থানার এলাকায় চর দখল করিয়া সেখানে বসবাস করিবার উদ্যোগ করিতেছে। আমাদের একমাত্র দশ বৎসরের ভাগ্য বিধাতা কিছুদিন আগে পাক প্রধান মন্ত্রী নুন সাহেবের সহিত যুক্তি করিয়া অনেক ছিট মহল পাকীস্তানকে অর্পণ করিবার চুক্তি করিয়াছেন। এখন কি আয়ুব খাঁর সহিত আরও কিছু সিন্নির বন্দোবস্ত ভাবিতেছেন কিনা কে বলিবে। গান্ধীর ফিলজফি যাঁহারা মানেন তাঁহারা কি বলেন?

——

## অগ্নিফৌজ পরিচালিত অগ্নিবাণীর উদ্বোধন সভা

গত ২৩শে নভেম্বর রবিবার রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় ভবনে অগ্নিফৌজের পরিচালনায় হাতে লেখা ত্রৈমাসিক পত্রিকা 'অগ্নিবাণী'র শুভ উদ্বোধন সভা হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রীসন্তোষকুমার ভট্টাচার্য্য এম. এল, সি। সভাপতি মহাশয় রঘুনাথগঞ্জের নূতন সংগঠন 'অগ্নিফৌজ' ও

'অগ্নিবাণী'র উচ্ছ্বসিত প্রশংসা করিয়া তরুণ ও কিশোরদের দেশগঠনের কাজে আগাইয়া আসিতে আহ্বান জানান। শ্রীদেবব্রত ঘোষাল তাঁর সুন্দর ভাষণের দ্বারা ছেলেদের প্রেরণা দেন। ছোট্টমেয়ে বাণী সেনগুপ্ত, উদ্বোধন ও সমাপ্তি সঙ্গীত গাহিয়া সকলকে মুগ্ধ করে। মোহন মজুমদার, অমিতাভ সেনগুপ্ত, সুদর্শন সরকার, রত্না মিত্র আবৃত্তি করে। সুধীন ও শঙ্কর স্বরচিত কবিতা পড়ে শোনায়। সভার পূর্ব্বে 'অগ্নিফৌজ' এই উপলক্ষে ব্যাণ্ডবাদ্য-সহকারে শহর পরিক্রমা করে।

---

## লালবাগ মহকুমা কৃষি-শিল্প, স্বাস্থ্য প্রদর্শনী ও মেলা।

তারিখ—৪ঠা জানুয়ারী হইতে ১১ই জানুয়ারী ১৯৫৯। স্থান—লালবাগ আস্তাবল ময়দান। দোকান পাট এবং অন্যান্য কৃষি-শিল্প সম্ভারের ষ্টল সংগ্রহ করিবার জন্য অবিলম্বে লালবাগ মহকুমা শাসকের অফিসে বা প্রদর্শনী অফিসে পত্রালাপ বা সাক্ষাৎ করুন।

---

## জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌর-নির্ব্বাচন

গত ১৬ই নভেম্বর রবিবার জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌরসভার সাধারণ নির্ব্বাচন হইয়া গিয়াছে। মোট ১২টি আসনের মধ্যে ইউ-সি-সি দল ৭টি আসন পাইয়াছেন।

১নং ওয়ার্ড ভট্টপাড়া ( ২টি আসন )
শ্রীসুকুমার সাহা ( ইউ-সি-সি ),
শ্রীকমলাকান্ত ভট্টাচার্য্য ( ঐ )
২নং ওয়ার্ড বালুচর ( ৪টি আসন )
শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ ( ইউ-সি-সি ),
ডাঃ আশুতোষ গুপ্ত ( ঐ )
শ্রীবীরেন্দ্র সাহা ( স্বতন্ত্র )
শ্রীমোহনলাল জৈন ( ঐ )
৩নং ওয়ার্ড মান্নুল্যাবাজার ( ৩টি আসন )
শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ( ইউ-সি-সি )
শ্রীবীরেন্দ্রনারায়ণ সিংহ ( ঐ )
শ্রীনলিনীকান্ত গাঙ্গুলী ( ঐ )
৪নং ওয়ার্ড আজিমগঞ্জ ( ৩টি আসন )
ডাঃ বিশ্বেন্দুশেখর বিশ্বাস ( স্বতন্ত্র )
শ্রীনরেন্দ্রপৎ কুঠারী ( ঐ )
শ্রীদক্ষিণারঞ্জন বিশ্বাস ( ঐ )

---

## গঙ্গা-সাগর মেলা যাত্রীদের কলেরার ইন্‌জেকসন ও বসন্তের টীকা লইতে অনুরোধ

অন্যান্য বৎসরের ন্যায় আগামী ১৩ই হইতে ১৫ই জানুয়ারী (১৯৫৯) মকর সংক্রান্তি উপলক্ষে ২৪ পরগণা জেলার সাগরদ্বীপে গঙ্গাসাগর মেলা অনুষ্ঠিত হইবে। বহু পুণ্যার্থী পশ্চিম বঙ্গ ও ভারতের অন্যান্য রাজ্য হইতে এই পুণ্যস্থানে যোগদান করিবেন, সাগরসঙ্গমে যাতায়াতের পথে তীর্থযাত্রীরা যাহাতে কলেরা বা বসন্ত রোগে আক্রান্ত হইয়া মেলার ভিতরে বাহিরে বা অন্যান্য রাজ্যে রোগ ছড়াইয়া দিতে না পারে সেজন্য পশ্চিম বঙ্গ সরকার জনস্বাস্থ্যের খাতিরে কলেরার ইন্‌জেকসন বা বসন্তের টীকা ব্যতীত কোন তীর্থ যাত্রীকেই মেলায় প্রবেশ করা নিষিদ্ধ করিয়াছেন। মেলায় যাইবার রেল মোটর অথবা জলপথে বিভিন্ন চেক্‌পোষ্টে যাত্রীদের ইন্‌জেকসন ও টীকার সার্টিফিকেট অবশ্যই দেখাইতে হইবে। সার্টিফিকেট দেখাইতে না পারিলে চেক্‌পোষ্টেই ইন্‌জেকসন ও টীকা দেওয়া হইবে এবং সার্টিফিকেট লইয়া তবেই যাত্রীগণ মেলা অভিমুখে যাত্রা করিতে পারিবেন। সার্টিফিকেট সযত্নে রাখিতে হইবে।

সুতরাং যাত্রী সাধারণের স্বার্থের খাতিরে যাত্রার পূর্ব্বেই তাঁহাদের বসন্তের টীকা ও কলেরার ইন্‌জেকসনের সার্টিফিকেট লইবার জন্য অনুরোধ করা যাইতেছে। ইন্‌জেকসন ও টীকা এবং তাঁহাদের সার্টিফিকেট পশ্চিম বঙ্গ সরকার স্বাস্থ্য বিভাগের যে কোন প্রতিষ্ঠান, জেলা বোর্ড. মিউনিসিপ্যালিটী, বা কলিকাতা করপোরেশন হইতে বিনামূল্যে পাওয়া যাইবে অন্যান্য রাজ্যের হেল্‌থ অফিসার সরকারী চিকিৎসক বা হেল্‌থ ইন্সপেক্টরের সীলমোহরযুক্ত সার্টিফিকেট যথার্থ বলিয়া গণ্য করা হইবে। ( প্রেসনোট )

---

লিভর ও পেটের পীড়ায়
কুমারেশ

## খাদ্যশস্য ব্যবসায়ের ভার সরকারকে লইতে হইবে

### জাতীয় উন্নয়ন পরিষদের সিদ্ধান্ত

বিভিন্ন রাজ্য সরকার কর্ত্তৃক খাদ্যশস্যের পাইকারী ব্যবসায়ের ভার গ্রহণ করা উচিত বলিয়া জাতীয় উন্নয়ন পরিষদ স্থির করিয়াছেন। কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনকে এই ব্যবসা পরিচালনা সংক্রান্ত একটি পরিকল্পনা বিন্যাস করিতে অনুরোধ করা হইয়াছে। পরে এই পরিকল্পনাটি বিভিন্ন রাজ্য সরকারের নিকট প্রেরণ করা হইবে।

পরিষদ সিদ্ধান্ত করেন যে, প্রত্যেক রাজ্যের প্রধান প্রধান পাইকারী ব্যবসায়ীদিগকে লাইসেন্স দেওয়া হইবে। তাঁহারা রাজ্য সরকারের তরফে ব্যবসা পরিচালনা করিবেন এবং রাজ্য সরকার প্রয়োজন অনুযায়ী তাঁহাদের নিকট হইতে খাদ্যশস্য লইবেন।

খাদ্যশস্যের ব্যবসায়ে দালালদের একবারে বাদ দিয়া মূল্যের স্থিতিবিধান করাই সরকারের উদ্দেশ্য।

পরিষদ দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার মূল লগ্নীর পরিমাণ অব্যাহত রাখিয়াছে এবং তৃতীয় পরিকল্পনার রূপায়ণ কার্য্য শেষ হইবার পূর্ব্বেই ভারতের পল্লীগ্রামের সকল পরিবারকে সমবায় আন্দোলন ভুক্তির প্রস্তাব করিয়াছে।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

## বিজ্ঞাপন

আগামী ৫ই ডিসেম্বর ( ১৯৫৮ ) বেলা ১ টায় মুর্শিদাবাদ কালেকৃটরীতে কয়েকটি বড় কাঠের র‍্যাক প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণকে উপস্থিত থাকিতে অনুরোধ করা যাইতেছে।

S. M. Biswas
For Collector, Murshidabad.
24. 11. 58





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত—

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷॰ টাকা ও মাশুলাদি ১৵॰ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## প্রদর্শনী

আগামী ১৫ই জানুয়ারী হইতে ১৫ দিনের জন্য মুর্শিদাবাদ জেলা কৃষি-শিল্প স্বাস্থ্য প্রদর্শনী অনুষ্ঠিত হইবে। কৃষি ও শিল্প বিষয়ে ভারতের ও বিভিন্ন ক্ষেত্রে জেলার উন্নয়নমূলক তথ্যাদি প্রদর্শনের চেষ্টা করা হইবে। বিচিত্রানুষ্ঠানের বহুল ব্যবস্থার আয়োজন চলিতেছে। শিশু-স্বাস্থ্য, গো-মহিষ, হাঁস, মুরগী ও পুষ্প প্রদর্শনীর জন্য পুরস্কারের ব্যবস্থা আছে। যোগদানেচ্ছু ব্যক্তিগণ যোগাযোগ করুন।

সম্পাদক,
মুর্শিদাবাদ জেলা কৃষি-শিল্প-স্বাস্থ্য
প্রদর্শনী—বহরমপুর।

—জেলা প্রচার দপ্তর

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৮ই ডিসেম্বর ১৯৫৮*

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৭১ খাং ডিঃ ভোলানাথ সাহা দেং রাধাবল্লভ নাথ দিং দাবি ১০ টাকা ২৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ব্যাসবাগিচা মধ্যে ৩ শতকের কাত ২৶০ আঃ ৩৲ খং ৪০৯ স্বত্ব দখলকার

১৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৩।০ আঃ ৩৲ খং ৪১০ স্বত্ব ঐ

১৪৯ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং শ্যামাপদ গঙ্গোপাধ্যায় দিং দাবি ১৮ টাকা ৫ নঃ পঃ থানা সুতী মৌজে ইচলিপাড়া ১৬৯ শতকের কাত ২।১১ পাই আঃ ৫৲ খং ১৫৯৩ রায়ত স্থিতিবান

---

### *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১৫ই ডিসেম্বর ১৯৫৮*

১৯৫৬ সালের ডিক্রীজারী

১২১ খাং ডিঃ রাধারাণী ঘোষ দেং শান্তিময়ী চৌধুরাণী দিং দাবি ১২৮ টাকা ৮৯ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে নিস্পীবিরল ৪-৫১ শতকের কাত ১৩।০ আঃ ৫০৲ খং ১৬২।২৮৮ রায়ত স্থিতিবান

১৯৫৮ সালের ডিক্রীজারী

৬১ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ১৭ টাকা ৩৪ নঃ পঃ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৩৬ শতকের কাত ৮৶৫ আঃ ৫৲ খং ১৫৮১ রায়ত স্থিতিবান

২৭ মনি ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং ওসমান সেখ দাবি ৩৩৭ টাকা ৮০ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে বলবলপাড়া ১১ শতকের কাত ৶১০ আঃ ৫৫৲ খং ৩১৭ রায়ত স্থিতিবান

২নং লাট মৌজাদি ঐ ২৪ শতকের কাত ১৲ আঃ ১০০৲ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৮ শতকের কাত ।৴১০ আঃ ৫০৲ খং ৩০৭ ঐ স্বত্ব

## জমি বিক্রয়

থানা সুতীর অন্তর্গত রাতুরী মৌজায় (ডাঁই গ্রামে) আনুমানিক ২৫৷০ সাড়ে পঁচিশ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৩৬৫, ১৩ই ভাদ্র

শ্রীজগন্নাথ ত্রিবেদী, জেমো নূতনবাটী
পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।